যুগান্তর

MAR. 31 2002

# বাকৃবি শিক্ষক সমিতি নির্বাচনে সোনালী দল জয়ী

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকৃবিশিস) কার্যনির্বাহী কমিটির নির্বাচনে বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সোনালী দল নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে।

গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত নির্বাচনে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের নিয়ে গড়া সোনালী দল ১১টির মধ্যে ১০টি পদে জয়লাভ করে। সভাপতি পদে সোনালী দলের প্রফেসর ড. মোঃ আবদুল হক ১৭৯ ভোট পেয়ে নির্বাচিত হন। তার প্রতিদ্বন্দ্বী গণতান্ত্রিক শিক্ষক ফোরামের ড. মোঃ শহীদুল্লাহ তালুকদার পেয়েছেন ১৫০ ভোট। সাধারণ সম্পাদক পদে সোনালী দলের প্রফেসর ড. খন্দকার শরীফুল ইসলাম ১৯৬ ভোট পেয়ে নির্বাচিত হন। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্রফেসর ড. মোঃ আখতার হোসেন পেয়েছেন ১৩৩ ভোট। সহ-সভাপতি পদে সোনালী দল থেকে প্রফেসর মোঃ জহির উদ্দিন মিঞা, কোষাধ্যক্ষ পদে প্রফেসর ড. একিউএম বজলুর রশীদ, যুগ্ম সম্পাদক পদে সহকারী প্রফেসর ড. মোঃ ওবায়েদুল ইসলাম নির্বাচিত হন। এই দল থেকেই নির্বাচিত সদস্যরা হচ্ছেন : প্রফেসর ড. আবদুল্লাহ আল মামুন, সহযোগী প্রফেসর ড. মোঃ মকবুল হোসেন, প্রফেসর ড. মোঃ মঈন উদ্দিন, সহযোগী প্রফেসর ড. মোঃ আবদুল কুদ্দুস ও প্রফেসর ড. মোঃ নূরুল হক। সদস্য পদে গণতান্ত্রিক শিক্ষক ফোরাম থেকে একমাত্র নির্বাচিত প্রার্থী হচ্ছেন প্রফেসর ড. মোঃ শাহ-ই-আলম।